

عَطْفُ بَيَانٍ (বিশদ করা, অর্থাৎ) [clarifier, stands for i.e.]

যে শব্দটিকে অনুসরণ করা হয় তার বিশদ বর্ণনা করতে এই ধারণাটি ব্যবহৃত হয় এবং এটা অনেকটা এরকম যে “অর্থাৎ” এর পরে যা আসে। বক্তার উদ্দেশ্য/অভিপ্রায় এবং শ্রোতার জ্ঞান এর উপর ভিত্তি করে এটিকে **بَدَل** থেকে আলাদা করা যায়। উদাহরণ সরুপ আপনার তিনজন ভাই রয়েছে: জায়েদ, আহমাদ এবং কারীম। আপনার বন্ধু আপনার কাছে এসে বললো, “আমি তোমার ভাইকে দেখেছি”। আপনি তখন চিন্তা করবেন কোন ভাইটি? জায়েদ? আহমাদ? কারীম?। যদি আপনার বন্ধু বলতো, “আমি তোমার ভাইকে দেখেছিলাম, অর্থাৎ কারীম।” তখন কারীম শব্দটি স্পষ্ট করে কোন্ ভাইকে তিনি দেখেছিলেন। এই স্পষ্টকরণ কে বলা হয় **عطف بيان**। যে **اسم** এর মাধ্যমে স্পষ্টকরণ করা হয় তার কারক বা স্ট্যাটাস যাকে **(اسم)** স্পষ্টকরণ করা হয় তার কারক বা স্ট্যাটাস সাথে মিলবে **অর্থাৎ** একই হবে।

উদাহরণ: **رَأَيْتُ أَخَاكَ كَرِيمًا** আমি আপনার ভাই কে দেখেছিলাম, অর্থাৎ কারীম।

কুর'আন থেকে: **وَأَضْرِبْ لَهُم مَّثَلًا رَّجُلَيْنِ** ১৮:৩২ আর তাদের জন্য একটি রূপক ছুড়োঁ দুজন লোকের –

وَأَضْرِبْ لَهُم مَّثَلًا رَّجُلَيْنِ: متعلق بالفعل مَثَلًا: مفعول به رَّجُلَيْنِ: **عطف بيان** منصوب و علامة النصب الياء .

অনুশীলন: নিচের আয়াতগুলোতে **عطف بيان** শব্দটি সনাক্ত করুন এবং ইরার বিশ্লেষণ সম্পন্ন করুন:

وَالِي عَادٍ أَخَاهُمْ هُودًا ৭:৬৫ আর 'আদ জাতির কাছে তাদের ভাই হুদকে।

جَعَلَ اللَّهُ الْكَعْبَةَ الْبَيْتَ الْحَرَامَ قِيَامًا لِلنَّاسِ ৫:৯৭ আল্লাহ্ কা'বাকে বানিয়েছেন, পবিত্র গৃহ, মানুষের জন্য এক অবলম্বন।

بَدَل (প্রতিস্থাপন) [replacement]

بَدَل অর্থ প্রতিস্থাপন বা বদলি করা। এটি বিভিন্ন উপায়ে করা যেতে পারে, বিস্তারিত বর্ণিত হলো:

১) بَدَلُ الْكُلِّ: সম্পূর্ণ বদলি/প্রতিস্থাপন

এ ক্ষেত্রে, **بَدَل** টি প্রথম শব্দের একটি সম্পূর্ণ বিকল্প। দুটি শব্দই একই অর্থ বহন করে এবং পরস্পরের বিনিময়ে ব্যবহারযোগ্য।

উদাহরণ সরুপ, রাসুলুল্লাহ্ (সাঃ) হচ্ছেন সমস্ত নাবী-রাসুলদের সীলমোহর। আমি যদি এই দুটি'র যেকোনো একটি ফ্রেইজ বা বুলি ব্যবহার করি তা কোনো সন্দেহ ছাড়াই একই ব্যক্তিকে বোঝাবে।

أَحِبُّ خَاتِمَ النَّبِيِّينَ مُحَمَّدًا (ص) আমি নাবীদের সীলমোহর, মুহাম্মদ (সাঃ) কে ভালোবাসি।

যা হউক, অনেকসময় **بَدَل** শুধুমাত্র প্রেক্ষাপটের ভিত্তিতে বোঝা যেতে পারে। উদাহরণ সরুপ, যদি আপনার একটি মাত্র ভাই থাকে যার নাম কারীম, তখন আমি যদি বলি “আমি আপনার ভাই কে দেখেছি, কারীম” তাহলে এটি **بَدَل الْكُلِّ** কারণ যদি আমি বলি “আপনার ভাই” অথবা “কারীম” সেক্ষেত্রে একজনের দিকেই তা নির্দেশ করে। কিন্তু, ইতিপূর্বে আমরা আলোচনা করেছিলাম যে, যদি আপনার তিনটি ভাই থাকে তবে “আপনার ভাই” টার্মটি অস্পষ্ট/রহস্যময় হয়ে উঠে, অথচ “কারীম” এখনো একজন নির্দিষ্ট ব্যক্তিকে নির্দেশ করে।

اسم إشارة مشار إليه **عطف بيان** বা **بَدَل** ক্লাসিক্যালি হিসেবেও লেবেল করা হয়, অবশ্যই তা নির্ভর করে প্রেক্ষাপটের উপর।

কুর'আন থেকে:

الْحَمْدُ لِلَّهِ رَبِّ الْعَالَمِينَ

الْحَمْدُ: مبتدأ مرفوع بالضممة . لِلَّهِ: متعلق بالخبر. رَبِّ: صفة - نعت - لله و يجوز أن يكون بدلا منه (يَجُوزُ أَنْ يَكُونَ بَدَلًا مِنْهُ) . مضاف. الْعَالَمِينَ: مضاف إليه .

এই উদহারণে লক্ষ্য করণ, رب শব্দটিকে الله শব্দের صفة অথবা بدل হিসেবে লেবেল করা হয়েছে। এটি এই কারণে যে দুটাই ব্যাকরণগতভাবে অর্থ প্রকাশ করে, رب العالمين আল্লাহ সুবহানাছয়াতায়ালাকে বর্ণনা করে, এবং মুসলিম হিসেবে আমরা জানি যে رب العالمين বলতে শুধুমাত্র আল্লাহকেই বোঝায়।

وَقَالَ الرَّسُولُ يَا رَبِّ إِنَّ قَوْمِي اتَّخَذُوا هَذَا الْقُرْآنَ مَهْجُورًا ২৫:৩০ আর রসূল বলছেন -- "হে আমার প্রভু! নিঃসন্দেহ আমার স্বজাতি এই কুরআনকে পরিত্যক্ত বলে ধরে নিয়েছিল।"

إِنَّ قَوْمِي: مبتدأ . اتَّخَذُوا: فعل ماضٍ "هم" في محل رفع خبر "إِنَّ"
هَذَا: اسم إشارة في محل نصب مفعول به أول الْقُرْآنَ: بدل من اسم الإشارة منصوب
مَهْجُورًا: مفعول به ثانٍ منصوب بالفتحة

অনুশীলন: নিচের আয়াতগুলোতে بدل শব্দটি সনাক্ত করুন এবং ইরার বিশ্লেষণ সম্পন্ন করুন:

وَإِذْ قَالَ إِبْرَاهِيمُ لِأَبِيهِ آزرَ ৬:৭৪ আর স্মরণ করো! ইব্রাহীম বলেছিলেন তাঁর পিতৃ-পুরুষ আজারকে –

فَلْيَعْبُدُوا رَبَّ هَذَا الْبَيْتِ ১০৬:৩ অতএব তারা এই গৃহের প্রভুর উপাসনা করুক;

وَقَالَ مُوسَى لِأَخِيهِ هَارُونَ – ৭:১৪২ আর মুসা তাঁর ভাই হারুনকে বললেন –

২) بَدَلُ الْبَعْضِ : সম্পূর্ণ কিছু'র একটি অংশ স্পষ্ট করে [clarifying a portion of a whole]

এটি ব্যবহার করে ইসম এর একটি অংশকে নির্দিষ্ট করা হয় যা পূর্বে উল্লেখ করা হয়েছিল।

কুরআন থেকে: وَاخْتَارَ مُوسَى قَوْمَهُ سَبْعِينَ رَجُلًا لِمِيقَاتِنَا ৭:১৫৫ আর মুসা তাঁর সম্প্রদায় কে বেছে নিলেন, সত্তর জন লোক, আমাদের নির্ধারিত বৈঠকের জন্য....

وَ: استئنافية. اِخْتَارَ: فعل ماضٍ مُوسَى: فاعل في محل رفع . قَوْمَهُ: إضافة مفعول به. سَبْعِينَ رَجُلًا: بدل بعض من قَوْمَهُ". رَجُلًا: تمييز . لِمِيقَاتِنَا: جار و مجرور إضافة متعلق بالفعل

উপরের আয়াতে “সত্তর জন লোক” স্পষ্ট করে যে, মুসা (আ) তাঁর সমগ্র জাতিকে বৈঠকে নেন নাই, কিন্তু একটি অংশকে নিয়েছিলেন।

৩) بَدَلُ الْإِشْتِمَالِ : মূল শব্দটিকে তার সংক্রান্ত কোনো সুনির্দিষ্ট বিষয় দিয়ে নির্দিষ্ট বা প্রতিস্থাপন করা [specify or replacing the original with something specific about it]

بَدَلُ بَعْضِ এর মতো। উদহারণ: أَحِبُّ الْإِسْلَامَ عِلْمَهُ আমি ইসলাম ভালোবাসি, এর জ্ঞান।

কুরআন থেকে: يَسْأَلُونَكَ عَنِ الشَّهْرِ الْحَرَامِ قِتَالٍ فِيهِ ২:২১৭ তারা তোমাকে পবিত্র মাস সম্পর্কে প্রশ্ন করছে -- তাতে যুদ্ধ করার ব্যাপারে।

৪) بَدَلُ غَلْطٍ : কোনোকিছু বর্ণনা করতে ভুল শব্দ ব্যবহার [using the wrong word to describe something] {
কুরআন এ এর ব্যবহার নেই }

رَأَيْتُ الْحِمَارَ زَيْدًا আমি গাধাটিকে দেখেছিলাম – জায়েদ।